Better health programme

NHS

ডার্লিংটন, ডারহাম এবং টীস-এ NHS

আপনার স্থানীয় NHS ভালো কী করতে পারে?

আমরা আরো ভালো কী করতে পারি?

বেটার হেলথ কর্মসূচির অংশ হিসেবে NHS এই প্রশ্নগুলো জনগণকে জিজ্ঞাসা করে চলেছে।

আরো ভালো পরিচর্যাকে ধন্যবাদ, আমরা দীর্ঘ মেয়াদী স্বাস্থ্য সমস্যাগুলো নিয়ে বেঁচে আছি - যেমন হৃদরোগ বা শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত রোগ, ডায়াবেটিস - আগের তুলনায় অনেক বেশি দিন ধরে। আপৎকালীন পরিচর্যার উন্নতির কারণে, আমাদের মধ্যে আরো বেশি মানুষ গুরুতর ও জীবন সংশয়কারী অসুস্থতা ও আঘাতগুলো নিয়েও বেঁচে আছেন।

সারা দেশ জুড়ে, NHS প্রতিষ্ঠানগুলো আমাদের পরিবর্তনশীল স্বাস্থ্য সংক্রান্ত চাহিদাগুলো কীভাবে পূরণ করা যায় তার প্রতি মনোযোগ দিয়ে চলেছে যখন একই সাথে স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা পরিষেবাগুলো চাপের মুখে আছে, অতিরিক্ত অর্থ তহবিল নেই এবং বিশেষজ্ঞ দক্ষতাসম্পন্ন কর্মী সরবরাহে ঘাটতি আছে।

Better health programme

বেটার হেল্‌থ কর্মসূচি

হলো ডার্লিংটন, কাউন্টি ডারহাম এবং টীস ভ্যালিতে NHS কীভাবে এটি করতে পারে সেই সম্পর্কিত।

প্রায় 100 জন ক্লিনিসিয়ান – সিনিয়র চিকিৎসক, নার্স, GP এবং অন্যান্য চিকিৎসা কর্মী সহ – একত্রে কাজ করছেন যাতে আমরা কীভাবে পরিষেবাগুলো প্রদান করতে পারি তার উপর মনোযোগ দেয়া যায় এবং তাদের বিশ্বাস অনুযায়ী রোগীদের জন্য ফলাফলসমূহের উন্নতি বজায় রাখা যায়:

হাসপাতালের বাইরে আরো বেশি পরিচর্যা প্রদান করা যেতে পারে, GP, NHS কমিউনিটি পরিষেবা, সামাজিক পরিচর্যা এবং স্বেচ্ছাসেবামূলক শাখাগুলোর সহায়তায় জনসমাজে, বা রোগীর বাড়িতে, যদি তা নিরাপদ ও কার্যকরী হয়।

গুরুতর আপৎকালীন ও জীবন সংশয়কারী পরিস্থিতিগুলোর জন্য রোগীদের অ্যাম্বুলেন্সে করে একটি বিশেষজ্ঞ আপৎকালীন হাসপাতালে নিয়ে যাওয়া উচিত যেখানে অভিজ্ঞ কর্মী দল 24/7 উপলব্ধ আছেন।

এটি ইতিমধ্যেই হৃদরোগের আক্রমণ, স্ট্রোক এবং গুরুতর আঘাতগুলির পরে করা হয়েছে। আমাদের ক্লিনিসিয়ানরা বিশ্বাস করেন যে এটিকে অভ্যন্তরীণ রক্তপাতের মতো অন্যান্য গুরুতর আপৎকালীন পরিস্থিতি, এবং গর্ভাবস্থায় জটিলতার ঝুঁকিতে থাকা মহিলা ও শিশুদের জন্যও সম্প্রসারিত করা উচিত।

আমাদের ক্লিনিসিয়ানরা বিশ্বাস করেন যে বর্তমানের তুলনায় কম সংখ্যক হাসপাতালে গুরুতর আপৎকালীন পরিস্থিতিগুলোর জন্য পরিচর্যাকে কেন্দ্রীভূত করা আমাদের উচিত যাতে অভিজ্ঞ কর্মীদের দল একই ধরনের সমস্যা থাকা বেশি সংখ্যক রোগীদের দেখার জন্য 24/7 উপলব্ধ থাকতে পারেন।

"আপনি যদি উল্লেখযোগ্য ঝুঁকি থাকা একজন মহিলা হন তাহলে আপনার পরিচর্যা যেন এইসকল ঝুঁকিকে একেবারে ন্যূনতম করে তোলে তা আমরা সুনিশ্চিত করতে চাই। এটি করার সেরা জায়গা হলো সেটিই যেখানে আমার সেরা গুণমানের পরিচর্যা আছে এবং সেটি প্রদান করার সেরা ব্যক্তিরা আছেন এবং সেটি সম্ভবত একটি কেন্দ্রীভূত স্থানে হতে পারে। আপনি যদি কম নির্ভরশীল হন, তাহলে সেক্ষেত্রেও আপনার বাড়ির কাছাকাছি ধাত্রী পরিচালিত পরিচর্যা পাওয়ার বা আপনার বাড়িতে প্রসব করানোর বিকল্প আপনার আছে।
ডাঃ হেলেন সিম্পসন, কনসাল্ট্যান্ট অবস্টেট্রিসিয়ান

অধিকাংশ পরিচর্যা হাসপাতালের বাইরে প্রদান করা হবে, এবং রোগীরা শুধুমাত্র সেক্ষেত্রেই হাসপাতালে ভর্তি হবেন যেক্ষেত্রে জনসমাজে পরিচর্যা পাওয়া তাদের পক্ষে আর নিরাপদ বা কার্যকরী নয়।

"আমরা এমন একটি কাঠামো গড়ে তুলতে চাই যেখানে GP চিকিৎসালয়গুলো সামাজিক পরিষেবাগুলোর সাথে যুক্ত হয়ে জনসমাজের কেন্দ্রে পরিচর্যা কেন্দ্রগুলো গড়ে তুলবে। আমরা আমাদের প্রক্রিয়াগুলোর দিকেও মনোযোগ দিচ্ছি যাতে হাসপাতালে ভর্তি থাকা কোনো ব্যক্তিকে চিকিৎসাগতভাবে সুস্থ হয়ে ওঠার সাথে সাথে মুক্তি দেওয়া হয় যাতে তারা তাদের নিজেদের বাড়িতে থেকে তাদের সকল মূল্যায়নগুলি করাতে পারেন, কারণ আমরা জানি যে মানুষ তার নিজের বাড়ির পরিবেশে অনেক বেশি ভালো থাকেন।"
ডাঃ নীল ও'ব্রায়েন, GP এবং ক্লিনিকাল লীড,, বেটার হেল্‌থ কর্মসূচি

স্থানীয় হাসপাতালগুলো নানাবিধ পরিষেবা প্রদান করে চলবে

আউটপেশেন্ট ক্লিনিক, এক্স-রে এবং অন্যান্য স্ক্যান ও পরীক্ষা, জরুরি পরিচর্যা সহ রোগীদের জন্য তাদের নিজেদের এলাকায় জীবন সংশয়কারী নয় অথচ তাসত্ত্বেও অবিলম্বে চিকিৎসার প্রয়োজন আছে এমন অসুস্থতা ও আঘাত, পরিকল্পিত অস্ত্রোপচার এবং ধাত্রী দ্বারা পরিচালিত পরিচর্যার জন্য।

"আমরা যখন কোনো রোগীর সাথে অস্ত্রোপচারের একটি তারিখের পরিকল্পনা করি তখন সেই অস্ত্রোপচারটি সম্পন্ন করা সম্পূর্ণরূপে অপরিহার্য। একটি তারিখ নির্দিষ্ট করা এবং তারপর সংক্ষিপ্ত নোটিশে সেটি বাতিল করার চেয়ে খারাপ আর কিছুই হতে পারে না।"
মিঃ ক্রিস টুলোক (Chris Tulloch), কনসাল্ট্যান্ট অর্থোপেডিক সার্জেন

অত্যন্ত গুরুতরভাবে অসুস্থ আপৎকালীন চিকিৎসার প্রয়োজন আছে এমন রোগীকে

চিকিৎসার জন্য অ্যাম্বুলেন্সে করে একটি বিশেষায়িত হাসপাতালে নিয়ে যাওয়া হবে, যেখানে অভিজ্ঞ চিকিৎসক ও কর্মীরা উপলব্ধ থাকবেন, যাতে সকল রোগী যেন সপ্তাহের 7 দিন, দিনের 24 ঘন্টা সেরা সম্ভাব্য পরিচর্যা পান তা নিশ্চিত করা যায়। এর অর্থ হবে রোগীরা সঠিক সময়ে সঠিক স্থানে সঠিক পর্যায়ের গুণমানসম্পন্ন পরিচর্যা পাবেন।

“রোগীদের মনে হতে পারে যে তাদের আরো বেশি দূরে যেতে হবে, কিন্তু একই ছাদের নিচে দিবারাত্রি সারাক্ষণ সকল বিশেষজ্ঞতাকে কেন্দ্রীভূত করলে তা গুরুতর আঘাতের মতো এমন কোনোকিছুর ক্ষেত্রে একটি বিপুল সুবিধা প্রদান করে যেখানে হয়ত বিভিন্ন তন্ত্রগুলি আহত হয়েছে এবং আপনার বহুবিধ বিশেষজ্ঞ চিকিৎসা প্রয়োজন।"
ডাঃ ফিল গডফ্রে, কনসাল্ট্যান্ট অ্যানাস্থেসিস্ট

স্থানীয় মানুষ কী মনে করেন?

জনগণ, রোগী এবং তাদের পরিবারের প্রতিনিধিত্বকারী দলগুলো এই ধারণাগুলো সম্পর্কে কী মনে করেন তা শুনতে আমরা আগ্রহী।

এটি আপনাকে এবং আপনার পরিবার এবং/বা পরিচর্যাকারীদেরকে কীভাবে প্রভাবিত করবে বলে আপনি মনে করেন যেক্ষেত্রে তারা পরিষেবাগুলি ব্যবহার করেন:

হাসপাতালে?

জনসমাজে
এবং GP চিকিৎসালয়ে?

আপনার সাহায্যের জন্য ধন্যবাদ!

আমরা যেসকল মতামত পাই সেগুলো ভবিষ্যতের জন্য প্রস্তাবনা প্রণয়ন করতে বেটার হেল্থ কর্মসূচিকে সাহায্য করবে।

আপনার মতামত বিনিময় করার নানাবিধ উপায় আছে, অনুগ্রহ করে ভিজিট করুন:

www.nhsbetterhealth.org.uk বা **01642 745401** নম্বরে ফোন করুন

আপনি ইমেল এবং সামাজিক গণমাধ্যমের সাহায্যেও আরো সন্ধান করতে এবং প্রশ্ন পাঠাতে পারেন:

ইমেল: **necsu.betterhealthprogramme@nhs.net**
ট্যুইটার: **www.twitter.com/NHSBetterHealth**
ফেসবুক: **www.facebook.com/nhsbetterhealthprogramme**

এই নথিটি অনুরোধক্রমে অন্যান্য ভাষায় ও রূপে পাওয়া যেতে পারে যেমন ব্রেইল এবং বড় হরফে মুদ্রণ। অনুগ্রহ করে আমাদের সাথে 01642 745401 নম্বরে যোগাযোগ করুন।